

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

দশম পত্র

কোর্স কোড : BNGH-CC-T-10

(বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$
- ক) 'জীবনদেবতা' কবিতাটির প্রকাশকাল কত? এটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- খ) 'সাম্যের গান গাই' - কার লেখা কোন্ কবিতার পংক্তি?
- গ) 'তুমি আসবে বলে হে স্বাধীনতা' — কোন্ কবিতার অংশ? কে লিখেছেন?
- ঘ) 'ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত' — কোন্ কবিতার পংক্তি? এখানে কে ভারতকে কোন্ স্বর্গে জাগরিত করার জন্য বলেছেন?

(পরের পাতায়)

- ঙ) 'সাম্যবাদী' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থে প্রথম প্রকাশিত হয়?
- চ) 'বুড়ী চাঁদ গেছে বুঝি বেনোজলে ভেসে' কোন্ কবিতায় কে এই কথা বলেছিলো?
- ছ) 'ভারততীর্থ' কবিতাটির রচনাকাল কত? কবিতাটি প্রথম কোন্ পত্রিকায়, কী নামে প্রকাশিত হয়?
- জ) 'কাণ্ডারী হুঁশিয়ার' কবিতাটি কাজী নজরুল ইসলাম কত সালে, কোন্ স্থানে রচনা করেন?
- ঝ) 'সংসারে সন্ন্যাসী লোকটা'-র অসুখ কী? লোকটা কি পাগল?
- ঞ) 'শুভক্ষণ' কবিতাটিতে কটি অংশ? কবিতাটির রচনাস্থান উল্লেখ করো।
- ট) 'ব্রহ্মা ধরণী নজরানা দেয় ডালি ভ'রে ফুলে ফলে' — এখানে কাদের নজরানা দেবার কথা বলা হয়েছে?
- ঠ) 'জেগে উঠবে তুমুল উৎসবের রাত' — কার লেখা কোন্ কবিতার অংশ? উৎসবের রাত কেমনভাবে জেগে উঠবে?
- ড) 'গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী' কার লেখা, কোন্ কবিতার অংশ? এখানে কবি কোন্ জিনিস সর্বত্রগামী না হওয়ার জন্য আক্ষেপ করেছেন?
- ঢ) ক্ষুধাতুর শিশু কী চায়?
- ণ) 'ফিরে এসো, ফিরে এসো, চাকা' - কবি চাকাকে কী হয়ে ফিরে আসতে বলেছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) ‘ভারততীর্থ’ কবিতাটি অনুসরণে ভারতে মহামানবের মিলনের যে ছবি কবি এঁকেছেন তার বিবরণ দাও।
- খ) ‘জীবনবন্দনা’ কবিতাটিতে কাদের বন্দনা করেছেন কবি? আলোচনা করো।
- গ) সংসারে সন্ন্যাসী লোকটা ঠিক কেমন বলে তোমার মনে হয়? কবিতাটি আলোচনা করে বুঝিয়ে দাও।
- ঘ) ‘দুঃখের কবি’ কবিতায় দুঃখবাদ সম্পর্কিত কবির মতামত বর্ণনা করো।
- ঙ) ‘কবি ও অকবি যাহা বল মোরে মুখ বুঁজে সই সবি’! — কবিকে সবাই কী কী ভাবে সমালোচনা করেছেন তা নিজের ভাষায় লেখো।
- চ) ‘প্রার্থনা’ কবিতাটিতে কবির প্রার্থনার পরিচয় দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- ক) ‘ঐকতান’ কবিতাটিতে কবির আত্মসমীক্ষার যে সুরটি ধ্বনিত হয়েছে তা বিশদ করো।
- খ) ‘সাম্যবাদী’ ও ‘নারী’ কবিতা অবলম্বনে নজরুলের সাম্য-ধারণার পরিচয় দাও।
- গ) ‘আট বছর আগের একদিন’ কবিতাটি বিশ্লেষণ করে মৃত্যু সম্পর্কে কবির ধারণার স্বরূপ নির্ণয় করো।
- ঘ) ‘জীবনদেবতা’ কবিতায় জীবনদেবতা বলতে কবি কাকে বোঝাতে চেয়েছেন? এ প্রসঙ্গে জীবনদেবতা তত্ত্বটি আলোচনা করো।